

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
মেরামত শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা


স্মারক নম্বর: ৫৯.০০.০০০০.১৩১.৯৯.০২২.১৯-৫৯

তারিখ: ১৪ অগ্রহায়ন ১৪২৯
২৯ নভেম্বর ২০২৩

বিষয়: বহলী মডেল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র পরিদর্শন প্রতিবেদন দাখিল।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে মহোদয়ের সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে সিরাজগঞ্জ জেলাধীন সদর উপজেলায় অবস্থিত **বহলী মডেল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র** সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। প্রস্তুতকৃত প্রতিবেদন মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ সাথে সংযুক্ত করে প্রেরণ করা হলো।

সংযুক্তি : ১ পাতা


মোহাম্মদ মফিজুল ইসলাম
উপসচিব
ফোন: ০২৯৫৪৫৭৩২

অতিরিক্ত সচিব (জনসংখ্যা, পরিবার কল্যাণ ও আইন
অনুবিভাগ)
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

স্মারক নম্বর: ৫৯.০০.০০০০.১৩১.৯৯.০২২.১৯-৫৯

তারিখ: ১৪ অগ্রহায়ন ১৪২৯
২৯ নভেম্বর ২০২৩

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। যুগ্মসচিব (উন্নয়ন অনুবিভাগ) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।)
- ২। যুগ্মসচিব (নির্মাণ ও মেরামত অধিশাখা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।)
- ৩। অফিস কপি।


11
মোহাম্মদ মফিজুল ইসলাম
উপসচিব

বহলী মডেল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র পরিদর্শন প্রতিবেদন

- ক) পরিদর্শনকারী কর্মকর্তার নাম, পদবী: মোহাম্মদ মফিজুল ইসলাম, উপসচিব (মেরামত শাখা)
- খ) পরিদর্শন কার্যালয়ের নাম ও ঠিকানা: বহলী মডেল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, সিরাজগঞ্জ সদর উপজেলা, সিরাজগঞ্জ
- গ) পরিদর্শনকৃত প্রতিষ্ঠান প্রধানের নাম ও পদবী: মোঃ রবিউল ইসলাম, উপসহকারি কমিউনিটি মেডিকেল অফিসার
- গ) পরিদর্শনের তারিখ: ৩০/০৯/২০২৩

পরিদর্শন মন্তব্য:

- ১) বহলী মডেল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে প্রতিমাসে গড়ে ৬টি নরমাল ডেলিভারি হয়।
- ২) প্রতিদিন গড়ে ৫০ জনকে বিভিন্ন প্রকার স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিষয়ক সেবা ও পরামর্শ দেয়া হয়।
- ৩) মডেল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র ঘোষিত হলেও এখানে কোন মিডওয়াইফ পদায়ন করা হয়নি। প্রতিমাসে গড়ে ৬টি নরমাল ডেলিভারি হয় বিধায় এ কেন্দ্রে একজন মিডওয়াইফ পদায়ন করা প্রয়োজন।
- ৪) কেন্দ্রটির Foundation /Ground Floor মূল সড়ক হতে ৭-৮ ফুট নীচে অবস্থিত। এর ফলে সামান্য বৃষ্টিতে এর Ground Floor জলাবদ্ধ হয়ে যাবে এবং বর্ষাকালে বা অতিবর্ষণের সময় উক্ত কেন্দ্রে প্রবেশ করা দুরূহ হবে। এটি সংশ্লিষ্ট প্রকৌশল সংস্থার নির্মাণ ত্রুটি। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের প্ল্যান, ডিজাইন ও নকশা প্রণয়নকালে বিষয়টি বিবেচনায় নেয়া হয়নি।মোটকথা, ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রটি Existing Ground Level থেকে ৭-৮ ফুট Sand/Earth filling or Back filling করে নির্মাণ করা উচিত ছিল।
- ৫) ভবনের নীচতলা ফাঁকা থাকার কারণে Brick Wall দিয়ে Partition করে Room Arrangement করা যায়। এতে সেবার প্রদানের সুযোগ সম্প্রসারিত হবে ও সেবার মান বৃদ্ধি পাবে।
- ৬) মোঃ রবিউল ইসলাম, উপসহকারি কমিউনিটি মেডিকেল অফিসার কেন্দ্রে সার্বক্ষণিক অবস্থান করেন।


মোহাম্মদ মফিজুল ইসলাম
উপসচিব (মেরামত)